

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

বিষয়: বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উপলক্ষ্যে ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখ পর্যন্ত সেবা সপ্তাহ পালনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন: ড. নমিতা হালদার এনডিসি
সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ৫-৩-২০১৮; বেলা ২:৩০ ঘটিকা।
সভার স্থান: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা)।
উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক।

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সচিব মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোঃ মিজানুর রহমান সভাকে জানান যে আগামী ১২-১৬ মার্চ, ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি-এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে- যা স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি বিশাল অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রীর 'প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন-২০২১' এর সফল রূপায়ন। এলডিসি স্ট্যাটাস হতে উত্তরণ পরবর্তী অবস্থার (transition) সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য সকল অংশীজনকে নিয়ে একসাথে কাজ করার এবং উত্তরণের গুরুত্ব সকলের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনা অনুসরণের জন্য গত ১৮-২-২০১৮ তারিখ সকাল ৯:০০ ঘটিকায় মুখ্য সমন্বয়কের (এসডিজি বিষয়ক) সভাপতিত্বে ভিডিও কনফারেন্সের মাধ্যমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ বিশেষ সেবা সপ্তাহ পালন এবং প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট সকল অংশীজনকে সম্পৃক্ত করে উত্তরণ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় আরও জানানো হয় যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক আগামী ২২-৩-২০১৮ তারিখ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশের ভাবমূর্তি সমুজ্জ্বলে নেতৃত্বদানকারী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে সংবর্ধনা প্রদান করা হবে। একই দিন অর্থাৎ ২২-৩-২০১৮ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বর্ণাঢ্য শোভাযাত্রা আয়োজন করা হবে। উক্ত শোভাযাত্রা আয়োজনের লক্ষ্যে গত ২২-২-২০১৮ তারিখ স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অংশগ্রহণ করেন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক আয়োজিত সভায় রাজধানীর ৪ (চার) টি নির্দিষ্ট পয়েন্ট থেকে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক শহরময় সুসজ্জিত বাদকদল/তারকা খেলোয়াড়/অভিনেতাসহ/বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহণে বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় এ মন্ত্রণালয়সহ ৯ (নয়) টি মন্ত্রণালয়/বিভাগকে বাংলা একাডেমী ও সংলগ্ন এলাকায় সমবেত হয়ে বাংলা একাডেমি-দোয়েল চত্বর- আবদুল গণি রোড- জিপিও হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট দিয়ে স্টেডিয়ামে প্রবেশ করার নির্দেশনা দেয়া হয়। প্রাসঙ্গিকভাবে সভাপতি মহোদয় গত ২৭-২-২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে জানান যে বর্ণাঢ্য শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠান ও Laser Show প্রদর্শন করা হবে। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সমন্বিতভাবে সেবা সপ্তাহের কর্মপরিকল্পনা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে পর্যায়ক্রমিকভাবে অনুষ্ঠিত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে এ মন্ত্রণালয়ের ও মাঠপর্যায়ে বিদ্যমান অফিস এবং সক্ষমতা বিবেচনায় বাংলাদেশ এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণের প্রেক্ষাপটে আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখ সেবা সপ্তাহ পালনে একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করা হয়। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	তারিখ ও বার	সেবা কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১	২০-৩-২০১৮ মঙ্গলবার	(ক) সেবা সপ্তাহের উদ্বোধন; (খ) বিদেশগামী কর্মীদের রেজিস্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট সেবা প্রদান; (গ) আর্থিক অনুদানের চেক বিতরণ।	মন্ত্রণালয়/ জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস/ টিটিসি/ আইএমটি/ বিএমইটি/ ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড/ বোয়েসেল/ প্রবাসী কল্যাণ ব্যাংক	

২	২১-৩-২০১৮ বুধবার	(ক) অনলাইনে ভর্তি কার্যক্রম; (খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন; (গ) নিরাপদ অভিবাসন সংক্রান্ত ভিডিও/নাটিকা প্রচার।	জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস/ টিটিসি/ আইএমটি (সকল)	
৩	২২-৩-২০১৮ বৃহস্পতিবার	(ক) বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন; (খ) নিরাপদ অভিবাসন সংক্রান্ত লিফলেট/বুকলেট বিতরণ; (গ) সচেতনতামূলক/উদ্বুদ্ধকরণ আলোচনা সভা।	(ক) মন্ত্রণালয়/ বিএমইটি/ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড/ ঢাকায় অবস্থিত টিটিসিসমূহ; (খ) জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস/ টিটিসি/ আইএমটি (সকল)।	(ক) শোভাযাত্রার ক্ষেত্রে কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে অধীনস্থ সংস্থাসমূহ একসাথে অংশগ্রহণ করবে। (২) জেলার টিটিসি/ আইএমটি/ ডেমো অফিস জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক ভালভাবে প্রস্তুতি নিয়ে শোভাযাত্রায় অংশগ্রহণ করবে।
৪	২৩-৩-২০১৮ শুক্রবার	প্রয়োজনে স্থানীয়ভিত্তিক যেকোন কর্মসূচি।		
৫	২৪-৩-২০১৮ শনিবার	(ক) এলাকার একজন সফল পুরুষ ও নারী অভিবাসী কর্মীর সাক্ষাৎকার এবং ভিডিও চিত্রধারণপূর্বক ব্যাপক প্রচার; (খ) শিক্ষার্থীদের মধ্যে দক্ষতা বিষয়ক প্রতিযোগিতার আয়োজন ও বিভিন্ন ট্রেডের প্রশিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ। (গ) জর্ডান ও কোরিয়ায় কর্মী প্রেরণের লক্ষ্যে Employer কর্তৃক কর্মী নির্বাচন (শুধুমাত্র কিশোরগঞ্জ জেলা)।	(ক) ও (খ) ডিইএমও/ টিটিসি/ আইএমটি (সকল)। (গ) ডেমো/ টিটিসি (কিশোরগঞ্জ)।	(গ) বোয়েসেলের তত্ত্বাবধানে কাজটি পরিচালিত হবে।
৬	২৫-৩-২০১৮ রবিবার	(ক) 'জনশক্তি তৈরীতে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভূমিকা' বিষয়ে সেমিনারের আয়োজন; (খ) 'নিরাপদ অভিবাসন ও টেকসই উন্নয়ন' বিষয়ক সেমিনার। (গ) জর্ডান ও কোরিয়ায় কর্মী প্রেরণের লক্ষ্যে Employer কর্তৃক কর্মী নির্বাচন (শুধুমাত্র কিশোরগঞ্জ জেলা)।	(ক) টিটিসি (সকল)। (খ) মন্ত্রণালয়/ বিএমইটি/ ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড/ বোয়েসেল। (গ) ডেমো/ টিটিসি (কিশোরগঞ্জ)।	(ক) এর ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠান স্থানীয়ভাবে সেমিনার আয়োজন করবে। (খ) বিএমইটি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এবং বোয়েসেল যৌথভাবে মন্ত্রণালয়ের সভাকক্ষে সেমিনার আয়োজন করবে। (গ) বোয়েসেলের তত্ত্বাবধানে কাজটি পরিচালিত হবে।

এছাড়া স্থানীয় চাহিদা ও প্রয়োজন বিবেচনায় যেকোন সেবা নির্ধারণপূর্বক তা প্রদান করা যেতে পারে।

৩। আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখ পর্যন্ত মার্চ পর্যায়ে সেবা সপ্তাহ উদ্ব্যাপনে প্রণীত কর্মসূচি অনুযায়ী সেবা প্রদান ও অন্যান্য বিষয়াদি প্রতিপালনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা ও পরামর্শ প্রদানের জন্য এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নরূপ ৮ টি বিভাগে ৮ টি টীম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক)

ক্রম	বিভাগের নাম	কর্মকর্তার নাম ও পদবি	কর্মস্থল
১	ঢাকা	(ক) ড. ইয়ামীন আকবরী এনডিসি, নির্বাহী পরিচালক	বোয়েসেল
		(খ) জনাব বদরে মুনির ফেরদৌস, উপব্যবস্থাপনা পরিচালক	প্রবাসী কল্যাণ ব্যাংক

		(গ) ড. মাসুমা পারভীন, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(ঘ) জনাব জোহরা মনসুর, উপপরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঙ) জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার, উপপরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
২	চট্টগ্রাম	(ক) জনাব নাসরীন জাহান, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) জনাব মোঃ আতাউর রহমান, যুগ্মসচিব	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(গ) জনাব নুরুন্ আক্তার, পরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
		(ঘ) জনাব এ এম মোক্তার হোসেন, সিনিয়র সহকারী প্রধান	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৩	রাজশাহী	(ক) জনাব নারায়ন চন্দ্র বর্মা, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) জনাব মোঃ আবেদ আলী, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
		(ঘ) জনাব মোঃ মিজানুর রহমান, উপপরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঙ) জনাব হোসাইন মোহাম্মদ মামুন, সহকারী প্রোগ্রামার	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৪	খুলনা	(ক) জনাব মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) জনাব শোভা শাহনাজ, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপপরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঘ) জনাব মোঃ শরিফুল ইসলাম, উপপরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
৫	সিলেট	(ক) জনাব মোঃ মোশাররফ হোসেন, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) জনাব মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) ড. নুরুল ইসলাম, পরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঘ) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, জনসংযোগ কর্মকর্তা	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৬	বরিশাল	(ক) জনাব মোজাফফর আহমেদ, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) জনাব মোঃ আখতারুজ্জামান, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(ঘ) জনাব হেলাল উদ্দিন, সহকারী পরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঙ) জনাব হালিমা আক্তার, উপপরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
৭	রংপুর	(ক) জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্মসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(খ) কাজী আবেদ হোসেন, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) জনাব মোঃ রেজওয়ান আহমেদ, উপপরিচালক	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
		(ঘ) জনাব মোঃ জাহিদ, PRO	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
৮	ময়মনসিংহ	(ক) জনাব মোঃ শফিকুল ইসলাম, পরিচালক	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
		(খ) জনাব কে এম আলী রেজা, উপপ্রধান	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(গ) ডক্টর কাজী কামরুন্ নাহার, উপসচিব	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
		(ঘ) জনাব মোঃ মাসুদ রানা, উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

(খ) এছাড়া গঠিত টীমের প্রতিনিধিগণকে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগক্রমে একটি কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক প্রত্যেক জেলায় লিফলেটসমূহ সেবা সপ্তাহ শুরুর পূর্বে বিতরণের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৪। সেবা সপ্তাহ উদ্বাপন উপলক্ষ্যে দেশের মোট ৮ টি বিভাগের মধ্যে অভিবাসনে পিছিয়ে পড়া ৮ টি জেলার অধীনস্থ ৮ টি উপজেলায় প্রদত্ত সেবাসমূহ সরেজমিনে প্রত্যক্ষ করার নিমিত্ত নিম্নোক্তভাবে উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়:



(ক)

ক্রম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	বিভাগ	জেলা	উপজেলা
১	ড. নমিতা হালদার এনডিসি, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	রংপুর	নীলফামারী	কিশোরগঞ্জ
২	জনাব মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	চট্টগ্রাম	রাঙ্গামাটি	কাপ্তাই
৩	ড. আহমেদ মুনিরুছ সালাহীন, অতিরিক্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	ময়মনসিংহ	শেরপুর	নকলা
৪	জনাব মোঃ সেলিম রেজা, মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	বরিশাল	পটুয়াখালী	দুমকী
৫	গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড	সিলেট	সুনামগঞ্জ	জগন্নাথপুর
৬	জনাব মরণ কুমার চক্রবর্তী, ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল	ঢাকা	গোপালগঞ্জ	টুঙ্গিপাড়া
৭	জনাব নারায়ন চন্দ্র বর্মা, যুগ্মসচিব	রাজশাহী	পাবনা	বেড়া
৮	জনাব মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব	খুলনা	যশোর	মনিরামপুর

(খ) উল্লিখিত উপজেলাসমূহে ফিসার প্রিন্ট ও রেজিস্ট্রেশন কার্যক্রমসহ অন্যান্য সেবা যাতে নির্ধারিত তারিখে প্রদান করা যায় তা একটি কর্মপরিকল্পনার মাধ্যমে নিশ্চিত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-কে অনুরোধ করা হয়।

৫। বিগত ২২-২-২০১৮ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার গাইড লাইন অনুযায়ী জনাব মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) -কে শোভাযাত্রা আয়োজনে এ মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থা, সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং NGO সমূহের সাথে সমন্বয়পূর্বক বর্ণাঢ্য শোভাযাত্রার যাবতীয় প্রস্তুতি গ্রহণ নিশ্চিত করবেন। তবে এক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক প্রদত্ত লোগো, শ্লোগান এবং থিম সং সহ ব্যানার, ফেস্টুন, মাইক ইত্যাদি বিবেচনায় নিয়ে পরিকল্পিতভাবে শোভাযাত্রা আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

৭। মাঠ পর্যায়ের অফিসসমূহের জন্য প্রণীত কর্মসূচির ভিত্তিতে সেবা সপ্তাহ উদযাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, টিটিসি, আইএমটি এবং বিভাগীয় জনশক্তি অফিসসমূহকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। (ক) মন্ত্রণালয়ের অধীনস্থ বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রমের উপর 'বিদেশ গমনের ক্ষেত্রে কর্মীদের সচেতনতা আনয়নের জন্য' স্ব স্ব সংস্থার উদ্যোগে লিফলেট ছাপানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এ ক্ষেত্রে মন্ত্রণালয়, বিএমইটি, বোয়েসেল, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও অন্যান্য সংস্থার সহযোগিতায় যথাক্রমে ১,৫০,০০০টি, ১,৫০,০০০টি, ১,৫০,০০০টি, ৩,০০,০০০টি, ৪,৫০,০০০টিসহ মোট ১২,০০,০০০ (বার লক্ষ) লিফলেট ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) লিফলেট ছাপানোর পর মাঠ পর্যায়ে বিতরণের লক্ষ্যে সিদ্ধান্ত ৩ (খ) অনুযায়ী গঠিত কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৯। আর কোন আলোচনা না থাকায় চেয়ারপার্সন কর্তৃক উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

৬-৩-২০১৮

(ড. নমিতা হালদার এনডিসি)


সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৩। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮। জনাব মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৯। ড. আহমেদ মুনিরুছ সালেহীন, অতিরিক্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। জনাব মোঃ সেলিম রেজা, মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ১১। গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ১২। জনাব মরণ কুমার চক্রবর্তী, ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
- ১৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ১৪। জনাব নারায়ন চন্দ্র বর্মা, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৫। জনাব মোঃ সুজায়েত উল্যা, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৬। ড. ইয়ামীন আকবরী এনডিসি, নির্বাহী পরিচালক, বোয়েসেল।
- ১৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৮। জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৯। জনাব নাসরীন জাহান, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২০। জনাব মোঃ মোশাররফ হোসেন, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২১। জনাব মোজাফফর আহমেদ, যুগ্মসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২২। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২৩। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, (সকল রেঞ্জ)।
- ২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, (সকল জেলা)।
- ২৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয় (সকল জেলা)।
- ২৫। জনাব মোঃ শফিকুল ইসলাম, পরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ২৬। জনাব বদরে মুনির ফেরদৌস, উপব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ২৭। জনাব মোঃ আতাউর রহমান, পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ২৮। ড. নুরুল ইসলাম, পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ২৯। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩০। জনাব মোঃ আখতারুজ্জামান, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩১। জনাব মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩৩। কাজী আবেদ হোসেন, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩৪। জনাব কে এম আলী রেজা, উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩৫। জনাব নুরুল আক্তার, পরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৩৬। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৩৭। জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩৮। জনাব মোঃ আবেদ আলী, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩৯। জনাব শোভা শাহনাজ, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪০। ডপ্তার কাজী কামরুন নাহার, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪১। ড. মাসুমা পারভীন, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪২। জনাব এ এম মোক্তার হোসেন, সিনিয়র সহকারী প্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪৪। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪৫। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪৬। জনাব মোঃ মাসুদ রানা, উর্দ্ধতন পরিসংখ্যান কর্মকর্তা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৪৭। জনাব মোঃ মিজানুর রহমান, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৪৮। জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

- ৪৯। জনাব মোঃ শরিফুল ইসলাম, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫০। জনাব জোহরা মনসুর, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫১। জনাব মোঃ হাবিবুল্লাহ বাহার, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫২। জনাব হালিমা আক্তার, উপপরিচালক, জনশক্তি, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৫৩। জনাব মোঃ রেজওয়ান আহমেদ, উপপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫৪। জনাব মোঃ জাহিদ, পিআরও, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- ৫৫। জনাব হেলাল উদ্দিন, সহকারী পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫৬। সহকারী সচিব (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫৭। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র/আইএমটি (সকল)।
- ৫৮। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, (সকল)।
- ৫৯। The Director, ILO Country Office for Bangladesh, House-12, Road-12, Dhanmondi R/A, Dhaka.
- ৬০। আঞ্চলিক প্রতিনিধি, আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (আইওএম), হাউজ-১৩/এ, রোড-১৩৬, গুলশান-১, ঢাকা।
- ৬১। ন্যাশনাল প্রোগ্রাম ম্যানেজার, UN Women, বাড়ী-৩, রোড-১১২, গুলশান-২, ঢাকা।
- ৬২। জনাব হোসাইন মোহাম্মদ মামুন, সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(ফাতেমা জাহান)
উপসচিব (প্রশাসন)
ফোন: ৪৯৩৪৯৩১৪